গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ডাক বিভাগ
পোস্ট অফিস পরিদর্শকের কার্যালয়
খুলনা দক্ষিণ উপ-বিভাগ, খুলনা-৯১০০।

নথি নং-এ/ইডি নিয়োগ/ খুলনা দক্ষিণ উ.বি/২০২৬, তারিখ, খুলনা : ১৫/১১/২০২৬খ্রি.।

সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

পোস্ট অফিস পরিদর্শক, খুলনা দক্ষিণ উপ-বিভাগ, খুলনা এর প্রশাসনাধীন বিভিন্ন শাখা ডাকঘরের অবিভাগীয় (ইডি) কর্মচারীর শূন্য পদে (ইডি) কর্মচারী নিয়োগের জন্য সংশ্লিষ্ট ডাকঘরের বিলির আওতাধীন এলাকায় বসবাসরত স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্ন বর্ণিত পদে ও শর্ত সাপেক্ষে লিখিত আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	মাসিক সম্মানী ভাতা (সবসাকুল্যে টাকা)	শিক্ষাগত যোগ্যতা	যে সকল গ্রামের প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১	২	৩	৪	৫	৬
১.	ইডিডিএ	৫(পাঁচ)টি	৪,৩৫৪/-	এস.এস.সি	ক) ডুমুরিয়া উপজেলা ডাকঘরের হিসাবাধীন বয়ারশিং, সৎসঙ্গ দেড়ুলি ও শলুয়া বাজার শাখা ডাকঘরের বিলি এলাকার আওতাধীন গ্রামসমূহ; খ)বটিয়াঘাটা উপজেলা ডাকঘরের হিসাবাধীন বারো আড়িয়া শাখা ডাকঘরের বিলি এলাকার আওতাধীন গ্রামসমূহ এবং গ) রূপসা উপজেলা ডাকঘরের হিসাবাধীন খারাবাদ বাইনতলা শাখা ডাকঘরের বিলি এলাকার আওতাধীন গ্রামসমূহ।
২.	ইডিএমসি	৩(তিন)টি	৪,১৭৭/-	৮ম শ্রেণী পাশ	ক) খুলনা সদর, সোনাডাংগা, খালিশপুর ও দৌলতপুর মেট্রোপলিটন থানা এলাকা এবং রূপসা ইস্ট উপ ডাকঘরের বিলি এলাকার আওতাধীন গ্রামসমূহ এবং খ) তালা উপজেলা ডাকঘরের হিসাবাধীন হরিহরনগর ও জিয়ালা নলতা শাখা ডাকঘরের বিলি এলাকার আওতাধীন গ্রামসমূহ।
৩.	ইডি ঝাড়ুদার	১(এক)টি	৪,০০০/-	৮ম শ্রেণী পাশ	ক) তালা উপজেলা ডাকঘরের বিলি এলাকার আওতাধীন গ্রামসমূহ।

২। আবেদনপত্র দাখিলের শর্তাবলীঃ

ক) আগামী ৩০-১১-২০২৬ খ্রি. তারিখের মধ্যে ডেপুটি পোস্টমাস্টার জেনারেল, খুলনা বিভাগ, খুলনা বরাবর রেজি:/ জিইপি ডাকযোগে/ হাতে হাতে আবেদনপত্র পৌঁছাতে হবে। অসম্পূর্ণ ও নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

খ) প্রার্থীর বয়সঃ ৩০-১১-২০২৬ খ্রি. তারিখে ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে।

গ) প্রার্থীকে নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জন্ম তারিখ, বয়স,জাতীয়তা,ধর্ম, জাতীয় পরিচয় পত্রের আইডি নম্বর, নিজ নামে নিবন্ধনকৃত মোবাইল নম্বর, অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখ পূর্বক কম্পিউটারকৃত লিখিত আবেদন করতে হবে।

ঘ) আবেদনকারী প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং উপরেউল্লেখিত ছকের ৬ নং কলামে বর্ণিত শাখা ডাকঘরের বিলি এলাকার আওতাধীন গ্রামের স্থায়ী বাসিন্দা হতে হবে।

ঙ) আবেদনকারী প্রার্থীকে অবশ্যই খামের উপর পদের নাম ও গ্রামের নাম উল্লেখ করতে হবে।

৩। আবেদনপত্রের সাথে নিম্ন বর্ণিত সনদপত্র/কাগজপত্র দাখিল করতে হবে।

ক) শিক্ষাগত যোগ্যতা সনদের সত্যায়িত ফটোকপি।

খ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।

গ) সাম্প্রতিক সময়ে তোলা ৪(চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।

ঘ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকতা সনদপত্র ও চারিত্রিক সনদপত্র।

ঙ) প্রার্থীর বসবাসরত এলাকার দুইজন গণ্যমান্য ব্যক্তি প্রদত্ত আর্থিক সচ্ছলতার সনদপত্র।

চ) স্থানীয় চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত আর্থিক সচ্ছলতার সনদপত্র।

৪। লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষা/ সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে প্রার্থী নির্বাচিত করা হবে। কোন প্রকার সুপারিশ ও তদবির প্রার্থীর অযোগ্যতা প্রমাণ করবে।

৫। ইতো:পূর্বে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

৬। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই এই নিয়োগ বাতিল/স্থগিতের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৫/১১/২৬

(মোঃ ওবায়দুর রহমান)
পোস্ট অফিস পরিদর্শক (অ:দা:)
খুলনা দক্ষিণ উপ-বিভাগ, খুলনা-৯১০০।

CamScanner
bekarsfeed.com